



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.১৬

তারিখ: ১ ফাল্গুন ১৪২৮

১৪ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশনা

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীদের কলেজভিত্তিক তালিকা [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) সাইটে দেয়া দেয়া হবে। মনোনীত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করে কলেজের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে। ১৯-০২-২০২২ তারিখ থেকে ২৪-০২-২০২২ তারিখের মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মনোনীত শিক্ষার্থীদের ভর্তি সম্পন্ন করতে হবে। তালিকার বাইরে কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১ পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

ভর্তির ক্ষেত্রে কয়েকটি গুরুত্বপূর্ণ নির্দেশনা-

- ১। কলেজ কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়নের (APPROVAL) জন্য PIN বা সিকিউরিটি কোড প্রয়োজন হবে না তাই শিক্ষার্থীর কাছ থেকে PIN বা সিকিউরিটি কোড নেয়ার কোন প্রয়োজন নেই;
- ২। কলেজ কর্তৃক শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন (APPROVAL) না করা হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। তাই ভর্তিকৃত সকল শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন করার সময় খুব সতর্ক থাকতে হবে। ভর্তি নিশ্চায়ন সম্পন্ন করার পর নিশ্চায়নের প্রিন্ট কপি চূড়ান্ত তালিকার সাথে মিলিয়ে যাচাই করে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নামের মিল থাকার কারণে এক শিক্ষার্থীর স্থলে অন্য শিক্ষার্থীর নিশ্চায়ন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে;
- ৩। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ব্যতীত কোন শিক্ষার্থী ভর্তি করা যাবে না। তবে কোনো বোর্ড থেকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র সরবরাহ না করা হয়ে থাকলে ১৫-০৩-২০২২ খ্রি. তারিখের মধ্যে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা প্রদানের শর্তে শিক্ষার্থী ভর্তি করা যাবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রে কলেজের বা অন্য কোনো প্রকার সিল দেয়া বা লেখা যাবে না। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র শাখাভিত্তিক বাভেল করে অধ্যক্ষের নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে। ভর্তি বাতিল না করে কোনো শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র প্রদান করা যাবে না। তবে অধ্যক্ষ নিজ বিবেচনায় ফেরৎ প্রদানের শর্তে ১৫ দিনের জন্য সাময়িকভাবে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র প্রদান করতে পারবেন। ১৫ দিনের মধ্যে ফেরৎ প্রদান না করলে অনলাইনে তার ভর্তি বাতিলের আবেদন দাখিল করে ভর্তি বাতিল ফি প্রদান করতে হবে।
- ৪। বাংলাদেশ আন্তঃবোর্ড সমন্বয় কমিটির সিদ্ধান্ত অনুসারে ১৩-০২-২০২২ খ্রি. তারিখের বিবিধ/কলেজ/২০২০/৩১৬ সংখ্যক স্মারক মোতাবেক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ ভর্তির ক্ষেত্রে মার্চ-২০২২ তারিখ থেকে মাসিক বেতন গ্রহণ করতে হবে।
- ৫। এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নোক্তভাবে সেশন চার্জ ও ভর্তি ফি গ্রহণ করতে হবে। উল্লেখ্য এম.পি.ও.ভুক্ত প্রতিষ্ঠানসমূহ কোনোক্রমেই উন্নয়ন ফি গ্রহণ করতে পারবে না।

ঢাকা মেট্রোপলিটন	মেট্রোপলিটন (ঢাকা ব্যতীত)	জেলা	উপজেলা/মফস্বল
------------------	---------------------------	------	---------------

বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান
৫,০০০/-	৫,০০০/-	৩,০০০/-	৩,০০০/-	২,০০০/-	২,০০০/-	১,৫০০/-	১,৫০০/-

নন এম.পি.ও./ আংশিক এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে উন্নয়ন ফি, সেশন চার্জ ও ভর্তি ফি নিম্নোক্তভাবে গ্রহণ করতে হবে।

ঢাকা মেট্রোপলিটন		মেট্রোপলিটন (ঢাকা ব্যতীত)		জেলা		উপজেলা/মফস্বল	
বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান
৭,৫০০/-	৮,৫০০/-	৫,০০০/-	৬,০০০/-	৩,০০০/-	৪,০০০/-	২,৫০০/-	৩,০০০/-

সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী সেশন চার্জ ও ভর্তি ফি গ্রহণ করবে;

৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট হতে রেড ক্রিসেন্ট ফিস বাবদ (৪০/- টাকার ৬০%) ২৪/- টাকা গ্রহণ করবে; শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে;

৭। পাঠদানের প্রাথমিক অনুমতি বিহীন কলেজে/সমমানের প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না অননুমোদিত বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না।

বিষয় রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) ওয়েবসাইটে দেয়া হবে।

বি. দ্র. : অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোনো ভর্তি কার্যক্রম করা হবে না।



১৫-২-২০২২

কে এম রব্বানী  
কলেজ পরিদর্শক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, খুলনা বিভাগের আওতাধীন সকল জেলা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর